গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা
www.gecp.edu.bd
e-mail: edwardcollegebd@yahoo.com


EIIN: 125663 College Code: 3000

স্মারক নং- সএক/ ২১৪৬ তারিখ: ২৮/০৯/২০২৫ খ্রি.

**২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে উচ্চ মাধ্যমিক একাদশ শ্রেণিতে ৪র্থ (এবং সর্বশেষ) পর্যায়ে আবেদনের ফলাফলের ভিত্তিতে ভর্তিযোগ্য শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তির বিজ্ঞপ্তি ও নিয়মাবলী**

সংশ্লিষ্ট সকলকে অবগত করা যাচ্ছে যে, **২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে উচ্চ মাধ্যমিক একাদশ শ্রেণিতে শিক্ষা বোর্ডের ৪র্থ (এবং সর্বশেষ) পর্যায়ে শিক্ষার্থীদের অনলাইন আবেদনের ফলাফলের ভিত্তিতে** সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা এ ভর্তিযোগ্য শিক্ষার্থীদের ভর্তি সংক্রান্ত সকল কার্যক্রম অনলাইনের মাধ্যমে নিচে উল্লেখিত তারিখ ও সময়সূচি অনুযায়ী সম্পন্ন হবে।অনলাইনে ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীদেরকে প্রয়োজনীয় কাগজপত্রসহ নির্ধারিত তারিখে কলেজে উপস্থিত হয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশ দেওয়া হলো।

| ছাত্র-ছাত্রীর ধরন | বিভাগের নাম | অনলাইনে ভর্তির সময় | প্রয়োজনীয় কাগজপত্র জমাদানের সময় |
|---|---|---|---|
| ১।সাধারণ মেধা | সকল বিভাগ | ২৮/০৯/২০২৫ হতে ২৯/০৯/২০২৫ দুপুর ০২:০০ টা পর্যন্ত | ২৯/০৯/২০২৫ দুপুর ০২:৩০ টা পর্যন্ত |

উল্লেখ্য, শিক্ষা বোর্ডের ৪র্থ (এবং সর্বশেষ) পর্যায়ে শিক্ষার্থীদের অনলাইন আবেদনের ফলাফলে সকল শিক্ষার্থী সাধারণ মেধা হিসেবে এই কলেজের ভর্তিযোগ্য তালিকায় অন্তর্ভুক্ত হয়েছে।

**অনলাইনে ভর্তি প্রক্রিয়া:**

১।একাদশ শ্রেণিতে ভর্তির জন্য প্রথমে **edwardcollege.eshiksabd.com** ওয়েবসাইটে প্রবেশ করে
User ID: **edwardstudent** ও Password: **edwardstudent** ব্যবহার করে Sign In করতে হবে।

২।এরপর '**Admission**' মেনুতে ক্লিক করে '**Click for New Admission**' এ ক্লিক করতে হবে।

৩।'**Select Department**' এবং '**Enter SSC Roll (6 Digit)**' ঘর দুটি পূরণ করে '**Check for Admission**' এ ক্লিক করলে ভর্তি ফরম আসবে।

৪।ভর্তি ফরমে চাহিদা তথ্যাদি **(কলেজ কর্তৃক নির্ধারিত ইউনিফর্ম পরিহিত ছবি আপলোড করতে হবে)** প্রদান করে '**Save**' বাটনে ক্লিক করতে হবে।

৫।পরবর্তীতে নির্ধারিত ফি জমা দিয়ে একই ওয়েবসাইট হতে আবেদন পত্র ও টাকা পে-স্লিপের প্রিন্ট কপি সংগ্রহ করতে হবে।

**ভর্তি ফি জমাদান নির্দেশনা:**

ভর্তি ফি রকেট/বিকাশ/নগদ অ্যাপে গিয়ে '**Education Fee**' বা 'শিক্ষা ফি' বা '**Pay Bill**' অপশনে ক্লিক করে '**Govt Edward College**' নির্বাচন করুন।শিক্ষার্থীর আইডি হিসেবে SSC রোল নম্বর (৬ ডিজিট) প্রদান করলে শিক্ষার্থীর নাম এবং টাকার পরিমাণ প্রদর্শিত হবে।নির্ধারিত ভর্তি ফি পরিশোধ করলে শিক্ষার্থীর অভিভাবকের মোবাইলে কলেজ রোল নম্বর ও ভর্তি সম্পন্ন হওয়ার এসএমএস (SMS) যাবে।

নির্ধারিত ভর্তি ফি

| বিবরণ | বিজ্ঞান বিভাগ | | মানবিক/ ব্যবসায় শিক্ষা বিভাগ | |
|---|---|---|---|---|
| | ছাত্রী | ছাত্র | ছাত্রী | ছাত্র |
| বেতন ও অন্যান্য | ২২/- | ২৬২/- | ২২/- | ২৬২/- |
| কলেজের সেশন ফি | ১,৮৮৪/- | ১,৮৮৪/- | ১,৮৮৪/- | ১,৮৮৪/- |
| নবীন বরণ | ১০০/- | ১০০/- | ১০০/- | ১০০/- |
| ল্যাবরেটরি ফি | ১০০/- | ১০০/- | ১০০/- | ১০০/- |
| ব্যবহারিক ফি | ২০০/- | ২০০/- | ৪০/- | ৪০/- |
| ব্যবস্থাপনা ফি | ৫০/- | ৫০/- | ৫০/- | ৫০/- |
| সর্বমোট | ২,৩৫৬/- | ২,৫৯৬/- | ২,১৯৬/- | ২,৪৩৬/- |

**প্রয়োজনীয় কাগজ জমাদানঃ**

অনলাইনে ভর্তি সম্পন্ন হলে শিক্ষার্থীকে নিচে উল্লিখিত কাগজ সিরিয়াল অনুযায়ী সাজিয়ে A4 সাইজের খাকি রঙ এর খামে ভরে শিক্ষার্থীর নাম, রোল, বিভাগ ও প্রযোজ্য ক্ষেত্রে শাখার নাম লিখে জমা দিতে হবে।

**প্রয়োজনীয় কাগজঃ**

১।অনলাইনে ভর্তির আবেদনের প্রিন্ট কপি
২।পে-স্লিপ এর কপি
৩।SSC এর অনলাইন ট্রান্সক্রিপ্ট
৪।মাধ্যমিক বিদ্যালয় কর্তৃক প্রদত্ত SSC এর মূল প্রশংসাপত্র

**একাদশ শ্রেণির ক্লাস শুরুঃ**

গত ১৫ সেপ্টেম্বর ২০২৫ খ্রি. তারিখ রোজ সোমবার হতে একাদশ শ্রেণির ক্লাস-রুটিন অনুযায়ী ক্লাস শুরু হয়েছে।নতুন ভর্তিকৃত শিক্ষার্থীরা সরাসরি সংশ্লিষ্ট শ্রেণিতে নিয়মিত ক্লাস করবে।

প্রতিস্বাক্ষর
২৮/৯/২৫
(প্রফেসর মো. আব্দুল আউয়াল মিয়া)
অধ্যক্ষ
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা

২৮/০৯/২৫
আহ্বায়ক
উচ্চ মাধ্যমিক ভর্তি কমিটি-২০২৫-২৬
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা

স্মারক নং- সএক/ ১৪৩/(২৫)

তারিখঃ ২৮/০৯/২০২৫ খ্রি.

কার্যার্থে অনুলিপি প্রদান করা হলোঃ
১।উপাধ্যক্ষ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
২।সম্পাদক, শিক্ষক পরিষদ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
৩-২০।বিভাগীয় প্রধান, সকল বিভাগ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
২১।আহ্বায়ক, ওয়েবসাইড উন্নয়ন কমিটি, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা (কলেজ ওয়েবসাইটে প্রদর্শনের অনুরোধসহ)।
২২-২৩।হিসাব রক্ষক, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা
২৪।নোটিস বোর্ড।
২৫।অফিস নথি।

২৮/০৯/২৫
আহ্বায়ক
উচ্চ মাধ্যমিক ভর্তি কমিটি-২০২৫-২৬
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা